পাঠ ৩ トイレはどこですか
তোইরে ওয়া দোকো দেস্ কা?

さくら	ここは教室(きょうしつ)です。	এখানে রয়েছে ক্লাসরুম।
সাকুরা	কোকো ওয়া কিয়োওশিৎসু দেস্।	
アンナ	わあ、広(ひろ)い。	বাহ, বেশ প্রশস্ত।
আন্না	ওয়াআ, হিরোই।	
さくら	あそこは図書館(としょかん)。	ঐখানে হচ্ছে গ্রন্থাগার।
সাকুরা	আসোকো ওয়া তোশোকান।	
アンナ	トイレはどこですか。	টয়লেট কোথায় আছে?
আন্না	তোইরে ওয়া দোকো দেস্ কা।	
さくら	すぐそこです。	ঠিক ওখানে।
সাকুরা	সুগু সোকো দেস্।	

ব্যাকরণের টিপস্

① _ ওয়া দোকো দেস্ কা (_ কোথায়?)

◈ দোকো দেস্ কা কথাটি এমন একটি বাক্যাংশ বা শব্দগুচ্ছ যা কোন কিছুর অবস্থান জিজ্ঞেস করতে ব্যবহার করা হয়।

যেমন) তোইরে ওয়া দোকো দেস্ কা? (টয়লেট কোথায় আছে?)

② কোসোআদো শব্দসমূহ

◈ জাপানি ভাষায় নির্দেশক সর্বনামগুলোকে বলা হয় কোসোআদো শব্দ।

চার ধরনের নির্দেশক সর্বনাম পদের প্রতিটি গ্রুপের পদগুলোর প্রথম অক্ষর একত্রে মিলে এই নামটি হয়েছে, যেমন কোকো (এখানে), সোকো (ওখানে - শ্রোতার নিকটবর্তী স্থানে), আসোকো (ঐখানে, সেখানে (বক্তা ও শ্রোতার কাছ থেকে দূরে)) এবং দোকো (কোন্‌খানে, কোথায়)।

ধ্বন্যাত্মক শব্দ

এটি হচ্ছে ঘোড়ার চলার শব্দ।

এটি হাতির চলার ভঙ্গি বোঝায়।

এটি খরগোশের লাফিয়ে বেড়ানোর ভঙ্গি প্রকাশ করে।

Created by NHK WORLD © ver. April 2015